

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২ ১৮

শান্তিরবাজার, ১৪ ডিসেম্বর, ২০২৩

**পলিব্যাগ বর্জন : শান্তিরবাজারে সচেতনতা সভা**

পলিব্যাগ বর্জন ও নির্মল পরিবেশ রক্ষার বিষয়ে সম্প্রতি শান্তিরবাজারে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। পশ্চিম বকাফা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের উদ্যোগে এবং ত্রিপুরা দূষণ নিয়ন্ত্রণ পর্যদের সহায়তায় শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে আয়োজিত এই সভার উদ্বোধন করেন বিধায়ক প্রমোদ রিয়াং। এছাড়া উপস্থিত ছিলেন বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীদাম দাস, বিদ্যালয় পরিদর্শক প্রণব সরকার প্রমুখ। সচেতনতা সভার উদ্বোধন করে বিধায়ক প্রমোদ রিয়াং ছাত্রছাত্রীদের মধ্যে প্লাস্টিকের কুফল নিয়ে সচেতনতা বাড়ানোর জন্য শিক্ষক ও অভিভাবকদের প্রতি আহ্বান জানান। এছাড়াও বক্তব্য রাখেন বিশিষ্ট পরিবেশবিদ সুব্রত মজুমদার ও অভিজিৎ সরকার। সচেতনতা সভা উপলক্ষে ছাত্রছাত্রীদের মধ্যে পরিবেশ বিষয়ক কুইজ প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

\*\*\*\*\*